

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 26 June, 2025

চাকরি স্থায়ীকরণ, বয়সসীমা শিথিলসহ চার দফা দাবীতে কর্মবিরতি দিয়ে বিক্ষোভ করেছে বিনাইদহ ওজোপাড়িকোর লাইন সহকারীরা।

বৃহস্পতিবার (২৬জুন) সকালে ৩য় দিনের কর্মসূচী হিসেবে বিদ্যুৎ অফিসের সামনে অবস্থান নেয় লাইন সহকারীরা। সেসময় আন্দোলকারীরা তাদের দাবী সম্বলিত নানা দাবী তুলে শ্লোগান দেন। এই কর্মসূচীতে লাইন সহকারী ইমামুল হক রকি, রিপন হোসেন, শাহীন আলম, শাকিল আহম্মেদসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, জীবনের ঝুঁকি নিয়ে বিদ্যুৎ অফিসে কাজ করলেও তারা বেতন ভাতা পান না। তাই চলমান নিয়োগ সংশোধন ও লাইন সাহায্যকারী (গ্যাটিস) শ্রমিকদের চাকরী স্থায়ীকরণ, বয়সসীমা ও শিক্ষাগত যোগ্যতা শিথিল, বিকলাঙ্গ শ্রমিকদের যোগ্যতা অনুযায়ী চাকরী স্থায়ী ও মৃত্যুবরণকারী শ্রমিকের পরিবারের সদস্যের যোগ্যতা অনুযায়ী চাকরি প্রদানের দাবী জানান।

বক্তারা অভিযোগ করেন, দীর্ঘদিন ধরে এই আন্দোলন চালিয়ে গেলেও আজও তার পূরণ হয়নি। বর্তমানে আমরা নতুন কর্মসূচী হাতে নেওয়ার পর একটি মহল আমাদেরকে নানা ভাবে হেনস্থা করেছে। এমনি সাদা কাগজে স্বাক্ষর করিয়ে নেওয়ার ঘটনাও ঘটেছে দেশের কয়েকটি স্থানে। দ্রুত এসব বন্ধ ও তাদের দাবী পূরণ করা না হলে কঠোর কর্মসূচী দেওয়ার ঘোষণা দেন তারা।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3758611653>